

ইতালির ভিসা আবেদন অরিজিনাল পাসপোর্ট ছাড়াই

- A Monitor Desk Report

Date: 03 June, 2024



ইউরোপের স্বপ্নের দেশ ইতালি গমনেচ্ছুদের ভিসা আবেদনের জন্য আসল (অরিজিনাল) পাসপোর্ট জমা দিতে হবে না। আবেদন করা যাবে পাসপোর্টের ফটোকপি দিয়েই। তবে ভিসা ইস্যুর জন্য পরবর্তীতে আসল পাসপোর্ট জমা দিতে হবে।

বাংলাদেশে ইতালি ওয়ার্ক ভিসা আবেদনকারীদের জন্য গুরুত্বপূর্ণ এ তথ্য জানিয়েছে ভিসা সেবাদাতা প্রতিষ্ঠান ভিএফএস গ্লোবাল।

এক ফেসবুকে পোস্টে ভিএফএস জানায়, ২৮ মে থেকে বাংলাদেশে ইতালি ওয়ার্ক ভিসার জন্য আবেদন করার সময় আবেদনকারীরা শুধু স্ক্যানিং এবং ফটোকপির জন্য পাসপোর্ট জমা দিবেন। আসল পাসপোর্ট অবিলম্বে আবেদনকারীদের ফেরত দেওয়া হবে। দূতাবাসের সিদ্ধান্তের পর ভিসা ইস্যু করার জন্য আবারো আসল পাসপোর্টের অনুরোধ করা হবে।

বিস্তারিত তথ্যের জন্য <https://www.vfsglobal.com/en/individuals/index.html>- ওয়েবসাইটে যোগাযোগ করতে বলেছে সংস্থাটি।

-B